বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
☏: +৮৮-০২-৯৩৩৩৬৫১ 🖷: +৮৮-০২-৯৩৪২২২৬ www.scouts.gov.bd

পরিপত্র-০১
বিষয় ঃ তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প।

স্কাউট ও রোভার স্কাউটদের আইসিটি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনা ও পরিচালনায় আগামী ২৬-২৮ অক্টোবর ২০১৭ **"তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প"** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরকে উক্ত ক্যাম্পের ভেন্যু হিসেবে নির্বাচন করা হয়েছে। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, জাতীয় উপ কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস এবং পরিচালক (ইনোভেশন), এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় কে উক্ত আইসিটি ক্যাম্প বাস্তবায়ন কমিটির আহ্বায়ক করে একটি ক্যাম্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে।

থীমঃ তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প এর থীম "Innovation eco system in scouting" নির্ধারণ করা হয়েছে।

তারিখ ও রিপোর্টিং ঃ ২৬-২৮ অক্টোবর ২০১৭ পর্যন্ত "তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প" অনুষ্ঠিত হবে। ক্যাম্পে অংশগ্রহণকারীগণকে আগামী ২৬ অক্টোবর ২০১৭ (বৃহস্পতিবার) বেলা ০৩:০০ টার মধ্যে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে রিপোর্ট করতে হবে। ২৮ অক্টোবর ২০১৭ (শনিবার) রাতে ক্যাম্পফায়ারের পর ডিনার শেষে ক্যাম্প সমাপ্ত হবে। ক্যাম্পে অবস্থানকালীন থাকা ও খাওয়া ক্যাম্প কর্তৃপক্ষ বহন করবে কিন্তু যাতায়াত ও অন্যান্য খরচ ক্যাম্প কর্তৃপক্ষ বহন করবে না।

অংশগ্রহণকারীদের যোগ্যতা ঃ

১। স্কাউট ও রোভার স্কাউটদের ক্ষেত্রে ন্যুনতম সদস্য ব্যাজ সম্পন্ন এবং এডাল্ট লিডারগণের ক্ষেত্রে বেসিক কোর্স সম্পন্ন হতে হবে।

২। কম্পিউটার, ইন্টারনেট এবং তথ্যপ্রযুক্তি সম্পর্কে প্রাথমিক জ্ঞান থাকতে হবে। এসব বিষয়ে দক্ষ স্কাউট/রোভার স্কাউট ও স্কাউটারগণকে অগ্রাধিকার দেয়া হবে।

৩। ক্যাম্পে অংশগ্রহণকারীগণকে অবশ্যই সাথে করে ল্যাপটপ/নোটবুক/ওয়াইফাই সাপোর্টেড ইন্টারনেট ডিভাইস (মোবাইল ফোন) নিয়ে আসতে হবে।

৪। তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প এ অংশগ্রহণ করার জন্য বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল, রেলওয়ে অঞ্চল, নৌ অঞ্চল ও এয়ার অঞ্চল থেকে প্রতি ইউনিটে ০৬ জন রোভার স্কাউট ও ০১ জন ইউনিট লিডার এবং অন্যান্য অঞ্চল থেকে প্রতি ইউনিটে ০৪ জন স্কাউট ও ০১ জন ইউনিট লিডার সমন্বয়ে দল গঠন করে বিভিন্ন অঞ্চলের মধ্যে নিম্নরূপ কোটা বন্টন করা হয়:

অঞ্চলের নাম	দল সংখ্যা (ছেলে+মেয়ে)	মন্তব্য
রোভার অঞ্চল	৩+৩=৬ টি	প্রতিটি দলে ০৬জন রোভার স্কাউট এবং ০১জন লিডার
রেলওয়ে অঞ্চল	১+১=২ টি	ঐ
নৌ অঞ্চল	১+১=২ টি	ঐ
এয়ার অঞ্চল	১+১=২ টি	ঐ
ঢাকা অঞ্চল	১+১=২ টি	প্রতিটি দলে ০৪জন স্কাউট এবং ০১জন ইউনিট লিডার
রাজশাহী অঞ্চল	০১ টি	ঐ
দিনাজপুর অঞ্চল	০১ টি	ঐ
খুলনা অঞ্চল	০১ টি	ঐ
বরিশাল অঞ্চল	০১ টি	ঐ
কুমিল্লা অঞ্চল	০১ টি	ঐ
চট্টগ্রাম অঞ্চল	০১ টি	ঐ
সিলেট অঞ্চল	০১ টি	ঐ
ময়মনসিংহ অঞ্চল	০১ টি	ঐ
	মোট=২২ টি ইউনিট	৭২জন রোভার স্কাউট, ৪০ জন স্কাউট, ২২ জন ইউনিট লিডার

উল্লেখ্য, গার্ল ইন স্কাউট ইউনিটের অংশগ্রহণকে অগ্রাধিকার প্রদানের জন্য অঞ্চলসমূহকে অনুরোধ করা হয়। প্রত্যেক গার্ল ইন স্কাউট ইউনিটের সাথে অবশ্যই মহিলা ইউনিট লিডার ক্যাম্প এ অবস্থান করতে হবে। একই ইউনিটে ছেলে ও মেয়ে সমন্বয় করে দল গঠন করা যাবে না। যোগ্যতাসম্পন্ন অংশগ্রহণকারী বাছাইসহ কোটা অনুযায়ী টীমের উপস্থিতি সংশ্লিষ্ট অঞ্চল নিশ্চিত করবে।

Aktar

৫। আইসিটি ক্যাম্পে অংশগ্রহণের জন্য আগ্রহীগণ সংশ্লিষ্ট অঞ্চলের সাথে যোগাযোগ করে অঞ্চলের মনোনয়ন গ্রহণ করতে হবে। অঞ্চলসমূহ পরিপত্রের সাথে সংযুক্ত রেজিস্ট্রেশন ফর্মে কোটা অনুযায়ী প্রতি টীমে যোগ্যতা সম্পন্ন একজন এডাল্ট লিডার ও ০৪ জন স্কাউট অথবা ০৬ জন রোভার স্কাউট মনোনীত করে অনুমোদিত টীমের তালিকার সফট কপি ই-মেইলে (ঠিকানাঃ bdscoutsict@gmail.com) এবং হার্ড কপি যথাযথ কর্তৃপক্ষের সুপারিশসহ আগামী ১৬ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে বাংলাদেশ স্কাউটস এর আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে। ক্যাম্পে অংশগ্রহণ করতে আগ্রহী স্কাউট, রোভার স্কাউট, স্বেচ্ছাসেবক, ইউনিট লিডার ও কর্মকর্তাগণের জন্য জন প্রতি ১০০.০০ (এক শত) টাকা হারে রেজিস্ট্রেশন ফি নির্ধারণ করা হয়েছে। টীমের অনুমোদিত তালিকার ফটোকপি ও রেজিস্ট্রেশন ফি ক্যাম্পে অংশগ্রহণের সময় সাথে নিয়ে আসতে হবে। স্কাউট/রোভার স্কাউটরা ক্যাম্পে আসার সময় অবশ্যই স্কাউট পোষাক ও মাই প্রোগ্রেস বুক সাথে নিয়ে আসতে হবে।

৬। প্রথম ও দ্বিতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্পে অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউটগন তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্পে অংশগ্রহণের প্রয়োজন নেই। অঞ্চল থেকে আগত টীমসমূহ সংশ্লিষ্ট অঞ্চলের পতাকা, ফেস্টুন ইত্যাদি প্রয়োজনীয় দ্রব্যাদি সাথে নিয়ে আসবে।

৭। সার্বিক দক্ষতা বিবেচনা করে আইসিটিতে দক্ষ সেরা তিন অঞ্চলকে স্বীকৃতি প্রদান করা হবে। অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউটদের মধ্যে বিভিন্ন প্রতিযোগিতায় শ্রেষ্ঠ ৩০ জনকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আয়োজিত লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় স্কলারশিপ সহ ১৩ টি বিষয়ে এক থেকে তিন মাস ব্যাপী আইসিটি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হবে।

৮। ক্যাম্পে অংশগ্রহণের জন্য তাঁবুর ব্যবস্থা করা হবে। সে লক্ষ্যে প্রয়োজনীয় তাঁবুবাস উপযোগী উপকরণ (বিছানাপত্র) এবং সরঞ্জাম (গ্লাস, প্লেট ইত্যাদি) সঙ্গে আনতে হবে।

ক্যাম্প প্রোগ্রামঃ "তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প" এর কার্যক্রম দুই ভাগে ভাগ করা হয়েছে। একটি হচ্ছে প্রতিযোগিতা ভিত্তিক এবং অপরটি অংশগ্রহণ ভিত্তিক। বিভিন্ন প্রতিযোগিতার পাশাপাশি ক্যাম্পে অংশগ্রহণকারীরা আধুনিক আইসিটি বিষয়ক বিভিন্ন কার্যক্রমে হাতে কলমে কাজ করার সুযোগ পাবে। যুগের সাথে তাল মিলিয়ে স্কাউট/রোভার স্কাউটগণের আইসিটি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দ্বিতীয় জাতীয় স্কাউট আইসিটি ক্যাম্প এ নিম্নবর্ণিত ইভেন্টসমূহ সন্নিবেশ করা হয়েছেঃ
(ক) গ্রাফিক্স ডিজাইন; (খ) বেসিক নেটওয়ার্কিং, সফটওয়ার ও হার্ডওয়ার ট্রাবলশুটিং; (গ) সাইবার সিকিউরিটি এন্ড সোশ্যাল মিডিয়া (ঘ) আইসিটির মাধ্যমে সমস্যা সমাধান প্রতিযোগিতা (ঙ) জনগণের দোরগোড়ায় স্কাউটিং সেবা পোর্টাল ডেমোনেস্ট্রেশন (এসআইএফ প্রোজেক্ট) (চ) ই-কমার্স এবং ফিল্যান্সিং।

"তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প" কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

২৭।৯।১৭

(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

পত্র নং: বাঃ স্কাঃ (আইসিটি)/৭৬৫(২৬০)/২০১৭

তারিখ ঃ ১২ আশ্বিন ১৪২৪ / ২৭ সেপ্টেম্বর ২০১৭

<u>বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ</u>

১। সম্পাদক/আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম/আইসিটি), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
২। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;

<u>সদয় জ্ঞাতার্থে ঃ</u>

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
২। জাতীয় কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস;
৩। আহ্বায়ক, তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প বাস্তবায়ন কমিটি ও জাতীয় উপ-কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস;
৪। সদস্য (সকল), তৃতীয় জাতীয় আইসিটি স্কাউট ক্যাম্প বাস্তবায়ন কমিটি, বাংলাদেশ স্কাউটস।

Bangladesh Scouts, National Headquarters
60 Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000
☏ : 9333651, 9342058, 9337714 Fax : 9342226
www.scouts.gov.bd, bdscoutsict@gmail.com

3rd National ICT Scout Camp

26-28 October 2017, National Scout Training Center, Mouchak, Gazipur

Participants Registration form (For Region)

Region information:	
Adult Leaders Information: (Name, Scouting designation, Unit Name, address, Email address & Contact number)	

Nominated Participants Details:

Sl.	Name & Unit Name	Address	Scouting Stage	ICT Skill	Email address & Contact Number
1					
2					
3					
4					
5					
6					

Approved By:

DRC (ICT)	**Regional Director**	**Regional Secretary**